জীবননগরে ওয়েভ ফাউন্ডেশনের সাথে ইয়ুথ এ্যাসেম্বলীর সদস্যদের মতবিনিময়

জীবননগরে ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালকের সাথে ইয়ুথ এ্যাসেম্বলীর সদস্যদের মতবিনিময় ও আলেচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার সময় জীবননগর হ্ইাস্কুল পাড়ার ওয়েভ ফাউন্ডেশনের শাখা কার্যলয়ে এ মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলীর জীবননগর উপজেলা শাখার সভাপতি মিথুন মাহমুদের সভাপতিত্বে মতবিনিময় ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, সমন্বয়কারী কিতাব হোসেন,মুকুল হোসেন, লোকমোর্চার সমন্বয়কারী সজল, প্রবীণকমিটির সমন্বয়কারী আশরাফুজ্জামান লিটনসহ ইয়ুথ এ্যাসেম্বলীর সদস্য লাবনী, তুহিন, ঐশ^র্য সাহা, শিলা, নিশান, রাজিব হোসেন, জাহিদ হোসেন, অন্তরা , সম্রাট প্রমুখ।

জীবননগরে ফেন্সিডিল সহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৯ টার সময় গোপন সংবাদের ভিক্তিতে জীবননগর পৌরসভার আশতলা পাড়ায় অভিযান চালিয়ে আরিফুল ইসলাম (৩৫)

কে আটক করা হয়।

আটককৃত আরিফুল ইসলাম দামুড়হুদা উপজেলার দর্শনার এরশাদ শেখের ছেলে।

এ বিষয়ে জীবননগর থানার এএসআই কামরুজ্জামান জানান, আরিফুল ইসলাম কে ৩৬ বোতল ফেন্সিডিল ও একটি মোটরসাইকেল সহ আটক করা হয়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

চুয়াডাঙ্গায় সারের কৃত্রিম সংকট সৃষ্টি

চুয়াডাঙ্গার সারের ডিলাররা কৃত্রিম সংকট তৈরি করেছেন বলে অভিযোগ উঠেছে। এ সুযোগে বাড়তি দাম নেয়ারও অভিযোগ কৃষকদের। ডিলারদের এমন সিন্ডিকেটের কারণে এবার জেলার সবজি ও ভুট্টার আবাদে বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়বে বলে আশঙ্কা করছেন চাষীরা।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য, সরকার নির্ধারিত দামে ডিলারদের মাধ্যমে কৃষকদের কাছে ইউরিয়া, টিএসপি, এমওপি এবং ডিএপি সার বিক্রি করা হয়। প্রতিকেজি ইউরিয়া ১৬ টাকা, টিএসপি ২২ টাকা, এমওপি ১৫ টাকা এবং ডিএপি ১৬ টাকায় কৃষকদের কাছে বিক্রি করার কথা। তবে মাঠ পর্যায়ের তথ্য, এর চেয়ে বেশি দামে সার বিক্রি করা হচ্ছে।

এবার চুয়াডাঙ্গার চারটি উপজেলায় এ মৌসুমে ৩২ হাজার ৬৬০ হেক্টর জমিতে আমন ধান চাষ করছেন কৃষকরা। আগাম সবজি চাষ হচ্ছে ৬ হাজার ৫০০ হেক্টর জমিতে। ভুট্টার আবাদ হচ্ছে ৪৮ হাজার ৫০০ হেক্টর জমিতে। এ জেলাতেই দেশের সবচেয়ে বেশি ভুট্টার চাষ করা হয়। এছাড়া কৃষকরা ফুলকপি, বাঁধাকপি, শসা, করোলা, লাউসহ আগাম বিভিন্ন সবজি আবাদ করছেন। সার সংকট বা সারের বাড়তি দামের কারণে এসব আবাদের ফলনে মারাত্মক প্রভাব পড়বে বলে মনে করছেন স্থানীয় কৃষকরা।

যদিও চুয়াডাঙ্গার ডিলারদের কাছে ইউরিয়া সার মজুত রয়েছে ১ হাজার

কৃষকদের কাছ থেকে বেশি দাম রাখা হলেও খাতায় ঠিকই সরকার নির্ধারিত দাম লিখে রাখা হয়; এমন অভিযোগেরও সত্যতা স্বীকার করেন তিনি।

এদিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজারের বিসিআইসি সার ডিলার আনছার আলী জানান, সারের কোনো সংকট নেই। এমনকি নির্ধারিত মূল্যেই বিক্রি করা হচ্ছে। সারের দাম বেশি নেয়া হচ্ছে এমন অভিযোগকে মিথ্যা ও ভিত্তিহীন দাবি তার।

বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক আকবর আলী বলেন, সারের সংকট নেই। এবার ভুট্টার আবাদ বেশি হবে বলে আমরা অতিরিক্ত সার বরাদ্দ চেয়ে কর্তৃপক্ষকে জানিয়েছি। কোনো ডিলার যদি সারের দাম বেশি নেয় বিষয়টি খতিয়ে দেখব। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলি হাসান জানান, তাদের কাছেও অভিযোগ এসেছে সারের দাম বেশি নেয়া রাখা হচ্ছে। মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। কৃষকদের সার নিয়ে ভয় পাওয়ার কিছু নেই। সরকারি নির্ধারিত মূল্যেই সার বিক্রি হবে। বেশি দাম রাখার সত্যতা পেলে মোবাইল কোর্ট পরিচালনা করে শাস্তির ব্যবস্থা করা হবে। বিষয়টি জেলা প্রশাসককে জানানো হয়েছে বলেও জানান তিনি।

জেলা প্রশাসক (ডিসি) নজরুল ইসলাম সরকার বলেন, সরকার কৃষকদের সব ধরনের সহযোগিতা করছে। সারের কোন সংকট নেই। অতিরিক্ত মূল্যে সার বিক্রির অভিযোগ পেলে ডিলারশিপ বাতিল করা হবে।

জীবননগরে পান চাষে স্বাবলম্বী চাষীরা

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলায় ৯০ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। সকাল হলেই লাঙ্গল-জোয়াল ঘাড়ে নিয়ে কৃষকরা ছুটে যায় জমিতে।

এমনই একজন পান চাষী জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামের রহমত আলী। যিনি ২ বিঘা জমিতে পান চাষ করে স্বাবলম্বী হয়েছেন।

তিনি জানান, পান চাষে বিঘা প্রতি ৬০ হাজার টাকা বিনিযোগ করেছেন। এক বছরের মাতায় তার বিনিয়োগ কৃত অর্থ উঠে প্রায় বিঘা প্রতি ৭০ থেকে ৮০হাজার টাকা লাভ হয়েছে। তা ছাড়াও এখন পর্যন্ত জমিতে যে পরিমাণ পান আছে তাতেও সে অনেক টাকা আয় করবে বলে জানান।

পান চাষে এই বিপ্লবের বিষয়টি জানতে চাইলে তিনি বলেন, আমি ছোট বেলা থেকেই কৃষি কাজ করি। তা ছাড়া বর্তমানে আমার জমিতে প্রতিদিন পুরুষ এবং নারী শ্রমিক পান বরজে কাজ করে।

কৃষি অফিস থেকে কোন সাহয্য সহযোগিতার কথা জানতে চাইলে তিনি বলেন, আমি কোন দিন কৃষি অফিসের কোন সাহায্যে সহযোগিতা পাইনি। তবে কৃষি অফিস থেকে মাঝে মাঝে পানের রোগ মুক্তি করার লক্ষে জমিতে এসে পরামর্শ দিয়ে যান।

এদিকে রহমত আলীর কাছে পান চাষ শিখে এখন অনেকে পান চাষে বিপ্লব ঘটিয়েছে। এর মধ্যে একই গ্রামের কৃষক মইদুল ইসলাম জানান, রহমত আলীর কাছ থেকে পান চাষ শিখে আজ তিনিও সাবলম্বী হয়েছে।

রহমত আলীর পান চাষে আকৃষ্ট হয়ে বিভিন্ন এলাকার চাষীরা নিয়মিত ভিড় জমাচ্ছেন তার পান চাষ রপ্ত করতে পানের বরজে।

স্থানীয় পান চাষীরা অভিযোগ কেও বলেন, জীবননগর উপজেলায় বর্তমানে যে হারে পান চাষ হচ্ছে সে তুলনায় পানের একটি নিদিষ্ট কোন বাজার না থাকায় পান চাষীরা পান বিক্রি নিয়ে অনেক সময় হতাশার মধ্যে দিন যাপন করতে হয়।

যদি সরকারি ভাবে জীবননগরে একটি পানের স্থায়ী বাজার স্থাপন করা হয় তা হলে কৃষকরা অনেক উপকৃত হবে।

এ ব্যাপারে জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার বলেন, জীবননগর উপজেলার মাটি সব ফসলের জন্য অন্যতম রহমত আলী ও মইদুল ইসলাম পান চাষে বিপ্লব ঘটিয়েছে এতে তারা সাবলম্বী হয়েছে। তা ছাড়াও জীবননগর উপজেলা একটি কৃষি প্রধান এলাকা এই এলাকায় পান চাষের পাশাপাশি কপি, মরিচ, লাউ সহ বিভিন্ন ধরনের সবজি চাষ হয়ে থাকে। এবং আমাদের কৃষি অফিস থেকে সব সময় কৃষকদের চাষে বিভিন্ন

ধরনের পরামর্শ দিয়ে থাকে।

এলাকায় কোন নিদিষ্ট সবজির হাট না থাকায় চাষীরা সঠিক দাম পাচ্ছে না। তবে এই এলাকায় সবজির হাট খুবই প্রয়োজন। তাহলে এলাকার চাষীরা উপকৃত হবেন।

আলমডাঙ্গায় মাদক ব্যবসায়ীর ৬ মাসের কারাদন্ড

আলমডাঙ্গার কেশবপুর গ্রামের মাদক ব্যবসায়ী এমদাদুলকে গাঁজা বিক্রি ও বহনের দায়ে ৬ মাসের কারাদন্ডের আদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালত। রবিবার বিকেল ৪ টায় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী কারাদন্ডের আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, হারদী ইউনিয়নের কেশবপুর গ্রামের রুহুল আমীনের ছেলে মাদক ব্যবসায়ী এমদাদুল হক দীর্ঘদিন ধরে এলাকায় গাঁজা বিক্রি করে আসছিল। সংবাদ পেয়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত। কেশবপুর গ্রামের বাদলের দোকানের সামনে থেকে আটক করা হয় এমদাদুলকে। তার দেহ তল্লাসী করে উদ্ধার করা হয় ১০ গ্রাম গাঁজা।

আদালতের নিরাপত্তার দায়িত্ব পালন ও মাদক বিরোধী অভিযানে অংশ নেওয়া থানার এসআই সফিকুল ইসলাম জানান, এমদাদুল এলাকায় গাঁজা ও অন্যান্য মাদকদ্রব্য বিক্রি করে আসছিল।

গতকাল রবিবার বিকেলে কেশবপুর গ্রামের বাদলের দোকানের কাছ থেকে তাকে আটক করা হয়। গাঁজাও পাওয়া যায়। ভ্রাম্যমাণ আদালত তাকে ৬ মাসের কারাদন্ডের আদেশ দেন।

জীবননগরে সার ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করলেন উপজেলা চেয়ারম্যান

জীবননগরে সার এবং বীজের দাম যাতে কেউ নিজ ইচ্ছায় বাড়াতে না পারে সে জন্য জীবননগর উপজেলার সকল সার ও বীজ ব্যবসায়ীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকালে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা কৃষি অফিসের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সহকারী কৃষি কর্মকর্তা আরিফ হাসানসহ উপজেলার সকল সার ও বীজ ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন ।

জীবননগর হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সু-সংগঠিত করার লক্ষ্যে গতকাল বিকাল ৫ ঘটিকার সময় হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

হাসাদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সালামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন খান খোকন।

এ সময় উক্ত আলোচনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র অন্যতম নেতা সাবেক সিনিয়র সহ-সভাপতি রেজাউল ইসলাম লাল,

সিনিয়র নেতা শফিকুল আলম লিটন, আব্দুল্লাহ আল-মামুন, মিজানুর রহমান।

আরো উপস্থিত ছিলেন জীবননগর থানা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান রানা, মামুনুর রশিদ, মেহেদী হাসান, তরিকুল ইসলাম, শাহিন, ছাত্রদল নেতা রুবেল হোসেন, রিমন হোসেন, মাহমুদ হাসান কবির, আক্তারুজ্জামান সহ অত্র ইউনিয়নের সকল নেতা কর্মীবৃন্দ।

এ সময় উপস্থিত সকলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কে সুসংগঠিত করার লক্ষে সকলকে এক হয়ে কাজ করার জন্য আহ্বান জানান।

দামুড়হুদার দুধপাতিলা বিলে মাছের পোনা অবমুক্তকরণ

চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলা মৎস্য অধিদপ্তরের বাস্তবায়নে মাছের পোনা অবমুক্তকরণ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ।

বৃহস্পতিবার ১০ সেপ্টেম্বর সকাল ১০ টার সময় দামুড়হুদা উপজেলার দুধপাতিলা বিলে মাছের পোনা অবমুক্তকরন উদ্বোধন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা নির্বাহী অফিসার দিলারা রহমান, চুয়াডাঙ্গা জেলা মৎস্য অধিদপ্তরের অফিসার মোঃ মোশাররফ হোসেন, দামুড়হুদা উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়ূব আলী সহ স্থানীয় নেতৃবৃন্দ। এছাড়া আরো ৫ টি বিল সহ মোট ৬ ট বিলে মাছের পোনা অবমুক্তকরণ করা হয়েছে, দামুড়হুদা উপজেলার ডুগডুগি পশুর হাট দুয়া বিল, দলকা- লক্ষীপুর বিল সহ বিভিন্ন স্থানে মাছের পোনা অবমুক্তকরণ করা হয়।

আলমডাঙ্গার বাড়িতে বাড়িতে জ্বর ও শ্বাসকষ্টের রোগী

নাসিমা বেগম ৫ দিন ধরে জ্বরে আক্রান্ত হয়ে বিছানায় পড়ে আছেন। জ্বরের সাথে ঠান্ডা-কাশি ও শ্বাসকষ্টও রয়েছে। বাড়িতে তার ছোট ছেলেও জ্বরে পড়েছে। কিন্ত তিনি কোন চিকিৎসকের কাছে চিকিৎসা নিতে যাননি। মোবাইলে গ্রাম্য চিকিৎসকের পরামর্শ নিয়ে ঔষধ খাচ্ছেন। এখন কিছুটা ভাল বোধ করছেন।

নাসিমা বেগমের মত রহিদুল ইসলামও তিনদিন হচ্ছে জ্বরে পড়েছেন। তার প্রচন্ড ঠান্ডা ও কাশি রয়েছে। তিনিও চিকিৎসকের পরামর্শে বাড়িতে থেকেই ঔষধ খাচ্ছেন। এখন তিনি অনেকটাই সুস্থ হয়ে উঠেছেন। কেবল গলার স্বরটা ভেঙে গেছে।

খোঁজ নিয়ে দেখা গেছে, নাসিমা বেগম ও রহিদুল ইসলামের মত আলমডাঙ্গার প্রায় বাড়িতে বাড়িতে জ্বরে আক্রান্ত মানুষের খোঁজ পাওয়া যাচ্ছে। এবং তাদের প্রায় সবাই বাড়িতে ঔষধ পথ্য খেয়েই সেরে উঠছেন। কেউ কেউ স্থানীয় হাসপাতালে গিয়ে চিকিৎসা নিচ্ছেন। তবে বেশীরভাগই করোনা হতে পারে এই ভয় থেকে বাড়িতে শুয়ে শুয়ে চিকিৎসা নিচ্ছেন। তারা হাসপাতালমুখি হচ্ছেন না।

এই জ্বরকে কোন মতেই বৈশ্বিক মহামারি করোনার সাথে মেলাতে রাজি হচ্ছেন না চিকিৎসকরা। তারা বলছেন, এটা ভাইরাল জ্বর। সাধারনত কিছু ঔষধ সেবনের মাধ্যমেই এই জ্বর-কাশি ও শ্বাসকষ্ট থেকে রেহাই পাওয়া সম্ভব। কাজেই এটাকে নিয়ে আতংকের কিছু নেই।

এ ব্যাপারে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হাদি জিয়া উদ্দিন আহমেদ বলেন, এই সময় প্রতি বছরই মানুষ ভাইরাল জ্বরে আক্রান্ত হন। এটার সাথে করোনাকে মিলিয়ে ফেলা ঠিক হবে না। কিছু ঔষধ সেবনের মাধ্যমে এই জ্বর ও শ্বাসকষ্ট থেকে রেহাই পাওয়া সম্ভব।

জীবননগরে বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে সেমিনার

“নিরাপদ অভিবাসন চান,সঠিক তথ্য জেনে যান,প্রশিক্ষণ নেব,দক্ষ হব,নিয়ম মেনে বিদেশ যাব” এই প্রতিপাদ্যে মানসম্পন্ন অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে জীবননগরে দক্ষ যুব ও যুব মহিলাকে বিদেশে কর্মসংস্থান ব্যবস্থার লক্ষ্যে প্রেসব্রিফিং ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টার সময় প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সহযোগিতায় এবং জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে এ প্রেসব্রিফিং, সেমিনার ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ,ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার ওসি (অপারেশন) মোল্লা সেলিম,উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার,

মৎস্য অফিসার ফরহাদুর রেজা,সমবায় অফিসার মতেহার হোসেন,সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী রাজিব হোসেন,জীবননগর ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জসিম উদ্দিন জালাল,জীবননগর থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম,সাংবাদিক শামসুল আলম, সালাউদ্দিন কাজল, আতিয়ার রহমান, শামসুর রহমান, ফয়সলা মাহাতাব মানিক, মিঠুন মাহমুদ, চাষী রমজান, মতিয়ার রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সহকারী পরিচালক হাসান আল কামাল ।